



প্রাথমিকা

নিজে লিখি নিজে পড়ি

গীতা বন্দ্যোপাধ্যায়



যাঁরা পড়াবেন

এই কাজের বইটি একেবারে প্রাথমিক। শিশুশ্রেণীর ছেলেমেয়েরা যখন প্রথমশ্রেণীতে ওঠার প্রস্তুতি করছে তখন তাদের প্রথমে রঙ চিনিয়ে অক্ষর চেনাবার দিকে নিয়ে যাবার জন্যে এই বই।

সমস্ত কাজ শুরু করার আগে শিক্ষক বা শিক্ষিকা প্রত্যেকটি শিশুকে কাজের পাতাটি বুঝিয়ে দিয়ে বোর্ডে বা স্লেটে মক্শ করিয়ে নেবেন। খাতা পরিষ্কার রাখতে শেখা পরবর্তী জীবনে খুব দরকার হবে। গোড়ার পাতাগুলোকে অবলম্বন করে শিশুদের কিছু সাধারণজ্ঞান পরিবেশন করা যায়।

ছবি টানা-লাইনে করা হয়েছে। শিশু নিজে যে ছবি আঁকবে তাও যেন সাদামাঠা হয়। ছবিতে কার্টুনের ঢঙে বক্তব্য বলা হয়েছে। এতে শিশুরা আনন্দ পাবে। তার কৌতুকবোধ তাকে শেখবার ব্যাপারে আগ্রহী করে তুলবে।

* বন্ধনীর ভেতরকার নির্দেশ শিক্ষকশিক্ষিকাদের জন্যে।

NIJE LIKHI NIJE PARI

PRATHAMIKA

Bengali Workbook—Preparatory

GITA BANDYOPADHYAY

Illustrated by

RAGHUNATH GOSWAMI

First Published : 1972

ORIENT LONGMAN LIMITED
Regd. Office :
50 Sundar Nagar, New Delhi 3
Regional Offices :
Nicol Road, Ballard Estate, Bombay 1
17 Chittaranjan Avenue, Calcutta 13
36A Mount Road, Madras 2
3/5 Asaf Ali Road, New Delhi 1
Published by :
R. N. Das
Orient Longman Ltd.
17 Chittaranjan Avenue, Calcutta 13
Printed in India by Offset Process
by S. J. Patwardhan
at Sangam Press Ltd.
17 Kothr 1990 9
Price : 8.00

ওরিয়েন্ট লংম্যান লিমিটেড
রেজিস্টার্ড অফিস ঃ
৫০ সুন্দর নগর, নয়াদিল্লী ৩
আঞ্চলিক অফিস ঃ
নিকল রোড, ব্যালার্ড এস্টেট্, বোম্বাই ১
১৭ চিত্তরঞ্জন অ্যাভিনিউ, কলকাতা ১৩
৩৬এ মাউন্ট রোড, মাদ্রাজ ২
৩/৫ আসফ আলী রোড, নয়াদিল্লী ১
প্রকাশক ঃ
শ্রী রবীন্দ্রনাথ দাশ
ওরিয়েন্ট লংম্যান লিমিটেড
১৭ চিত্তরঞ্জন অ্যাভিনিউ, কলকাতা ১৩
মুদ্রক ঃ
শ্রী এস. জে. পটবর্ধন
সঙ্গম প্রেস লিমিটেড
১৭ 1990 ৯
দা 8.00

নিজে লিখি নিজে পড়ি

প্রাথমিকা


গীতা বন্দ্যোপাধ্যায়

ছবি ঃ

রঘুনাথ গোস্বামী

প্রথম প্রকাশ ঃ ১৯৭২

তারিখ..................



আমার রঙের গাড়ি

লাল	কালো	নীল	কমলা	হলদে	সাদা	বেগুনী	বাদামী	সবুজ

তারিখ.....................

আমার ছবি

নীল

লাল

কালো

হলদে

বেগুনী

বাদামী

সবুজ

সাদা

কমলা

সবরকম রঙ

মেয়ের জামার রঙ হবে গোলাপী।

ছেলের জামার রঙ হবে নীল।

তারিখ.........................




আমার মা

মা-মণি



আমার বাবা

বাবুজী



আমার দাদা


দাদাভাই




আমার দিদি

দিদিভাই


তারিখ.....................

	আমাদের বাবুরাম ভাইটি
	আমাদের পুপুয়া বোনটি
	আমাদের মজনতালি বেড়ালছানা
	আমাদের মিট্‌মিটে কুকুরছানা

তারিখ............................



ওদের পুপু-পুতুল



ওদের বকুম্-পায়রা


[১নং সারিতে আ, ২নং সারিতে পু আর ৩নং সারিতে বা
কোথায় কোথায় আছে খুঁজে বার করতে হবে।]

১	২	৩
আমি	পুপু	বাবু
দাদা	দিদি	বাবা
আমাদের	ওদের	মা-মণি
পায়রা	পুতুল	মজনতালি
ভাইটি	বোনটি	বাবুরাম
আমার	পুপুয়া	মিটমিটে
দাদাভাই	দিদিভাই	বাবুজী

তারিখ......................


আমাদের

আঃ কত ফুল !



আমাদের শহর

ওঃ কত বাড়ি !



তারিখ.........................

আমাদের গাঁ

ইস্ কি সবুজ !





আমাদের দেশ

বাস্‌রে কি বড় !



তারিখ........................


	
দাদা আর মিট্‌মিটে	দিদি আর মজনতালি

[নিজে নিজে আঁকো]

	ফুল		বাগান
	বাড়ি		মজনতালি
	পুতুল		মিট্‌মিটে


তারিখ.............................

[একরকমের ছবিতে একই রঙ দিতে হবে।]



তারিখ.........................

[একরকমের মুখে একই রঙ দিতে হবে।]




তারিখ......................

[চাঁদে রঙ দিতে আর ছড়াটি সুর করে গাইতে হবে।]

চাঁদে নীল রঙ	চাঁদে লাল রঙ
চাঁদে বেগুনী রঙ	চাঁদে অনেক রঙ

চাঁদে যাব রকেটে
ধরে আনব চাঁদ ভাইকে
আমার বড় পকেটে।
নেই বাঘ নেই সাপ
কেবল হাজার রঙের ছাপ
তুলে এনে যত খুশি
ভরব আমার লকেটে।



আমাদের বেড়ালছানা মজনতালি
বাড়ি থেকে পালিয়েছে।



শহরে খুব হৈ চৈ।
কেউ ধরতে পারছে না।

তারিখ......................

[বাঁ দিকের বড় বাক্যের যে ছোট অংশ ডান দিকে লেখা আছে, বাঁ দিকের সেই অংশের তলায় দাগ দিতে হবে।]

বেড়ালছানাটা বড় শহরে এসেছে সেখানে অনেক বাড়ি সেখানে খুব লোক	শহরে এসেছে সেখানে অনেক খুব লোক
সে তখন গাঁয়ে গেল মেলা বসেছে মাঠে লোকে তাড়া করল	তখন গাঁয়ে মেলা বসেছে তাড়া করল
বেচারা বনের দিকে চলল খোঁজ খোঁজ রব উঠল শিকারী ওকে বাঘের মাসী ভেবে ধরল	বেচারা বনের দিকে খোঁজ খোঁজ বাঘের মাসী ভেবে
ওর খুব মন খারাপ হল বাঘ দেখবে বলে ও পালিয়েছিল বনে যেতে পারলে ওর মন ভাল হত	খুব মন খারাপ ও পালিয়েছিল যেতে পারলে

[এক নম্বর সারিতে আ, দুই নম্বরে ত, তিন নম্বরে ব, চার নম্বরে ম, পাঁচ নম্বরে ল আর ছয় নম্বরে এ কোথায় আছে খুঁজে দাগ দিতে হবে ।]

১	২	৩
আখ	শত	বড়
আতর	মতন	শরবত
মলম	গলা	আর
আম	লতা	সব
ডজন	কত	কলরব
আতা	তত	পটল


৪	৫	৬
মশা	ফল	এল
কাল	লংকা	কই
মই	পচা	এখন
চাল	চামচ	পথ
পড়ল	চালক	এই
মাছ	লাল	এনো

ব র

ব র ক ধ ঝ

ধক ধক

ঝক ঝক



বক ধর রব কর


তারিখ..................

ত অ

ত অ আ


তারা অত

রাত কত




অত কত আতর

তারিখ..................



আঁক আর

রঙ কর



য য় ষ

য য় ষ ফ

কারা যায়


বরষায়



যায় বরফ বরষা

হ থ ই

হ থ ই



হই হই

রথ কই

হয় হই রথ কথ

ও ঔ এ ঐ

ঔ ঐ ঐ

এরা ওরা
হাত ধরা




এই ওর ঔষধ ঐ ঐ

তারিখ....................

ন ম ণ

ল শ




যায় মন

শাল বন

মন যণ বল শাশা

গ প

গ প স



ঝাঁপর ঝাঁই
সাগর যাই

গড় পার সাপ সাগর


তারিখ....................

ভ খ

খ ঝ ঘ

ভাগ ভাগ

এল বাঘ




ভয় নখ ঘর ঝাল

তারিখ..................

ড ড় উ

উ ঊ জ




জাহাজখানা

উড়ায় ডানা

বড়ডানউমাউজল

চ ছ ড

ড ড় ট



বট গাছ

ছউ নাচ

চক ছটী ডাক গাড়


তারিখ..................

ঠ ঈ

ঈ দ ৎ

হঠাৎ লাফ

বাগান সাফ



ঈদ কাঠ হঠাৎ

তারিখ:.................

অ	আ	ই	ঈ	উ	ঊ
ঋ	ঌ	এ	ঐ	ও	ঔ
ক	খ	গ	ঘ	ঙ	
চ	ছ	জ	ঝ	ঞ	
ট	ঠ	ড	ঢ	ণ	
ত	থ	দ	ধ	ন	
প	ফ	ব	ভ	ম	
য	র	ল	ব	শ	
ষ	স	হ	ড়	ঢ়	
য়	ৎ	ং	ঃ	ঁ	

[চিঠিটা পড়ে নিজে নিজে একটা চিঠি লিখতে হবে।]

কলকাতা
দুর্গা পূজার সকাল

বাবা আর মা,

কলকাতায় কাল এলাম। মামার বাড়ি আজকাল যেন চিড়িয়াখানা। একটা কুকুর এসেছে। তার নাম বিশে। মজার নামটা নাকি তুমি চিঠিতে লিখে পাঠিয়েছিলে মা ? বেড়ালের নাম সোনামণি। সে-ও নতুন। বোকা সোকা দেখতে। আসলে শয়তান। ওটা মাসীর বেড়াল। দুধ মাছ খায়। ইঁদুর তো মোটেই ধরে না। ছুঁচোদেরও ভয় পায়। কলকাতায় এখন ইঁদুর আর ছুঁচোদের সবাই ভয় করে চলে। এ বাড়িতে আরও পাখি কেনা হয়েছে। তা ছাড়া বুটু বাঁদরের কথা তো জানোই। যা হাসায়! বাবা যদি থাকতে তাহলে ঠিক বুটুকে আমার যমজ ভাঁই বলতে।

দাদু, দিদা, মামা, মাসী আর সব জানোয়ারেরা জানতে চায় তোমরা সবাই কবে আসবে। আমিও চাই। নয়তো মন কেমন করতে পারে।

তোমরা দু'জন, দাদা, দিদি, পুপুয়া, মজনতালি আর মিট্‌মিটে আমার ভালবাসা জেনো।

ইতি—
বাবুরাম।

তারিখ.....................

[চৌখুপির মধ্যে যে কথাটা আছে সেই লাইনে সে রকম দুটো কথায় দাগ দিতে হবে।]

রাত	রাত	চাকা	রাত	বাঘ
দিদি	ভালবাসি	দিদি	চিঠি	দিদি
আলী	আলী	মীরা	শীত	আলী
দুধ	ঘুম	চুপ	দুধ	দুধ
পূজা	পূজা	ময়ূর	কূপী	পূজা
বেদে	শেয়াল	বেদে	খেয়াল	বেদে
ঢোলক	ঢোলক	সোনা	ঢোলক	ভোর
সিংহ	রাংতা	সিংহ	শিং	সিংহ
চাঁদ	হাঁটা	ষাঁড়	চাঁদ	চাঁদ
বাঃ	বাঃ	উঃ	আঃ	বাঃ
বাবা	বাবা	মা	বাবা	মামা

তারিখ ....

[ছবিতে রঙ দাও। কার পাশে কে বসেছে ডানদিকের চৌখুপিতে লেখ।]




বাবা দাদা দিদি পুপুয়া বাবুরাম মজনতালি মিট্‌মিটে মা-মণি

বাবার	পাশে	বসেছে	দা
দাদার	পরে	বসেছে	দি
দাদার	আগে	বসেছে	বা
দিদির	পাশে	বসেছে	পু
পুপুয়ার	পাশে	বসেছে	বা
বাবুরামের	পাশে	বসেছে	ম
মজনতালির	পাশে	বসেছে	মি
মিট্‌মিটের	পাশে	বসেছে	মা
মা-মণির	আগে	বসেছে	মি







তারিখ..................

[পাশের চৌখুপিতে ঠিক কথাটা লিখতে হবে।]

বল পুপুয়া মা-মণি মজনতালি মিট্‌মিটে বাবুরাম

আমি  খেলি	
 ভারী মজা করে	
এই তো আমার 	
আমি আর  খেলি	
 আমার কুকুরছানা	
আমি আর  খুব খেলি	

[যে কথাটায় ছবিটা বোঝাচ্ছে সেটাতে গোল দাগ দিতে হবে। ছবিতে রঙ করতে হবে।]

	কাকা চশমা মাছ
	ঘড়ি ছড়ি টিয়াপাখি
	ঢুলী মুরগী শীত
	দুপুর পুতুল মধুপুর
	রকেট শেয়াল চীনেবাদাম
	বোলপুর হোলি কোঠাবাড়ি

তারিখ....................

[ছবি এঁকে রঙ দিতে হবে ।]

মিট্‌মিটে বল খেলছে	বাবুরাম দাঁড়িয়ে দেখছে
পুপুয়া পায়রা নিয়েছে	দিদিভাই বই পড়ছে

তারিখ...............

[ছবি এঁকে রঙ দিতে হবে ।]

মা আর বাবা বসে আছেন	মজনতালি পুতুল টানছে
দাদাভাই ব্যাট করছে	আমি বল করছি

তারিখ.....................

[আগের পাতায় যেমন লিখেছ তেমনিভাবে
লাইনের ওপর কথা বসাতে হবে ।]

মিটমিটে বল ___ ।	খেলছে
বাবুরাম ___ দেখছে ।	দাঁড়িয়ে
___ পায়রা নিয়েছে ।	পুপুয়া
দিদিভাই ___ পড়ছে ।	বই
___ আর ___ বসে আছেন ।	মা বাবা
মজনতালি পুতুল ___ ।	টানছে
দাদাভাই ব্যাট ___ ।	করছে
___ ___ করছি ।	আমি বল

[ছড়ার যে কথাগুলোতে আ-কার আছে তার তলায় দাগ দিতে হবে।] [ব্যাঙ রঙ কর]

তাঁতীর বাড়ি ব্যাঙের বাসা
কোলা ব্যাঙের ছাঁ।
খায় দায় গান গায়
তাই রে—নাই রে না।




[নীচের ছড়ার যে কথায় এ-কার আছে তার তলায় দাগ দিতে হবে।]

আ'দুড় বাদুড় চালতা বাদুড়
কলা বাদুড়ের বে'—
টোপর মাথায় দে'।
দেখতে যাবে কে?
চামচিকেতে বাজনা বাজায়
খ্যাংরা কাঠি দে'।

[ওপরের আ-কার দেওয়া কথা।]		[ওপরের এ-কার দেওয়া কথা।]	

[রঙ করতে হবে।]



মিট্‌মিটে শয়তানি করে চেন ছিঁড়ে পালাল

গল্প	[বাঁ ধারের গল্প থেকে এখানে তিন অক্ষরের কথা লেখ।]
যেতে যেতে দেখে একটা কাক	
কাকটা কা-কা করে ওকে ডাকল	
বলল—আয় মাংস খাবি?	
মিট্‌মিটের তখন খিদে পেয়েছে	
ভাল মনেই ছুটে গেল সে। কাকটা	
উড়ে গেল। মাংস দিলই না।	

তারিখ...................

[বড় কথাটা ভাগ করে ছোট দুটো কথা করে লিখতে হবে।]

অলিগলি	অলি	গলি
ঝলমল		
ছেলেমেয়ে		
ভোরবেলা		
সোরগোল		
ভালবাসি		
মিহিদানা		
পাতাবাহার		

তারিখ..................

[সংখ্যা লিখবে]

			[নিজে লিখবে]	
●	১	এক		
● ●	২	দুই		
● ● ●	৩	তিন		
● ● ● ●	৪	চার		
● ● ● ● ●	৫	পাঁচ		
● ● ● ● ● ●	৬	ছয়		
● ● ● ● ● ● ●	৭	সাত		
● ● ● ● ● ● ● ●	৮	আট		
● ● ● ● ● ● ● ● ●	৯	নয়		
● ● ● ● ● ● ● ● ● ●	১০	দশ		

কথার ঝুড়ি

১। হরফ খুঁজে বার করে ✓ টিক দাও :

কোন্ কোন্ জীবজানোয়ারে আছে 'ব' :

বাঘ সিংহ ষাঁড় বাদুড় চামচিকে পায়রা
ব্যাঙ শেয়াল ময়ূর বেড়াল বক

কোন্ কোন্ রঙে আছে 'ল' :

লাল নীল বেগুনী সাদা কমলা সবুজ হলদে
বাদামী

খাবার টেবিলে কিসে কিসে আছে 'ম' :

আতা চামচ শশা আম মাংস খই মিহিদানা

২। ঠিক কথায় ✓ টিক দাও :

খাওয়ার জিনিস :

লকেট চীনেবাদাম দুধ চশমা কুপী বরফ
লংকা পুতুল শরবত

আকাশে দেখা যায় :

আতর চাঁদ বাড়ি গাঁ রকেট তারা সাগর

কানে শোনা যায় :

হৈ চৈ মাঠ পথ রব ঢাক দুধ আতর
বাজনা টোপর